

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯৮৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসল্লী ব্যক্তি যে সালামের মাধ্যমে সালাত শেষ করবে, তার বর্ণনা

ذِكْرُ وَصْفِ التَّسْلِيمِ الَّذِي يَخْرُجُ الْمَرْءُ بِهِ من صلاته

আরবী

1989 _ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا حِبَّانُ بْنُ مُوسَى قَالَ: أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ قَالَ: أَخْبَرَنَا مُصْعَبُ بْنِ سَعْدِ بْنِ أَبِي قَالَ: أَخْبَرَنَا مُصْعَبُ بْنِ شَعْدِ بْنِ أِسْمَاعِيلَ بْنِ مُحَمَّدٍ عَنْ عَامِرِ بْنِ سَعْدِ بْنِ أَبِي قَالَ: رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُسَلِّمُ عَنْ يَمِينِهِ وعن يساره حتى يُرى بياض خده.

فَقَالَ الزُّهْرِيُّ: لَمْ يُسمع هَذَا الْخَبَرُ مِنْ حَدِيثِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سَمِعْتَهُ؟ قَالَ: لَا قَالَ: فَالتُّلْتين؟ قَالَ: لَا قَالَ: فَالتُّلْتين؟ قَالَ: لَا قَالَ: فَالتُّلْتين؟ قَالَ: لَا قَالَ: فَالنِّصنْفَ الَّذِي لَمْ تَسْمَعْ.

الراوي: سَعْد بْن أَبِي وَقَاصٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1989 ا خلاصة حكم المحدث: صحيح دون قصة الزهري ـ ((الإرواء)) ((368), ((صفة الصلاة)) ((التعليق على ابن خزيمة))

বাংলা

১৯৮৯. সা'দ বিন আবী ওয়াক্কাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ডান এবং বাম দিকে মুখ ফিরিয়ে সালাম ফিরাতে দেখেছি, এমনকি এতে তাঁর গালের শুভ্রতা প্রকাশ পেতো।"

অতঃপর ইমাম যুহরী রহিমাহুল্লাহ বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে হাদীসটি জানা যায় না।" তখন ইসমাঈল রহিমাহুল্লাহ বলেন, "আপনি কি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সব হাদীস শুনেছেন?" জবাবে তিনি বলেন, "না।" তিনি আবারো জিজ্ঞেস করেন, "তাহলে দুই-তৃতীয়াংশ?" জবাবে তিনি বলেন, "না।"



তিনি পুনরায় জিজ্ঞেস করেন, "তাহলে অর্ধেক?" জবাবে তিনি বলেন, "না।" তখন তিনি বলেন, "তাহলে এটি হলো অর্ধেক হাদীসের অন্তর্ভুক্ত, যা আপনি শ্রবণ করেননি।"[1]

ফুটনোট

[1] তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/২৬৭; সহীহ ইবনু খুযাইমাহ: ৭২৭; সুনান বাইহাকী: ২/১৭৮; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/২৯৮; মুসনাদ আহমাদ: ১/১৮০; ইবনু মাজাহ: ৯১৫; সহীহ মুসলিম: ৫৮২; নাসাঈ: ৩/৬১; দারেমী: ১/৩১০; আবূ আওয়ানা: ২/২৩৭; বাগাবী, শারহুস সুন্নাহ: ৬৯৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যুহরীর ঘটনা বাদে বাকী অংশ সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৩৬৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সা'দ বিন আবৃ ওয়াক্কাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন